

৫৪৮  
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

গোপাললাল ভিলা, বেনারস  
২১ ফেব্রুয়ারী, ১৯০২

অভিনন্দনেষু,

তোমার এক পত্র এই মাত্র পাইলাম। ... মা দিদিমা যদি আসতে চান পাঠিয়ে দিও। এই প্লেগ আসবার সময়টা কলকাতা হতে সরে এলেই ভাল। এলাহাবাদে বড্ড প্লেগ চলেছে। এবার কাশীতে আসবে কিনা জানি না। তবে প্লেগ গেল বছর এই সময় কাশীতে এসেছিল। মিসেস বুলকে আমার নাম করে বলো যে ইলোরা-ফিলোরা মহা কষ্টের পথ এবং ভারী গরম। তাঁর এত tired (ক্লান্ত) শরীর যে, ভ্রমণে যাওয়া যুক্তিযুক্ত নয়। খুড়োর (Okakura) ক-দিন হল চিঠিপত্র পাইনি। অজান্তা গেছে -- এই খবর। মহান্তও কোন খবর দেন নাই। তবে রাজা প্যারীমোহনের পত্রের জবাব যদি দেয় ...।

নেপালের minister (মন্ত্রী)-এর ব্যাপারটা সবিশেষ লিখব। মিসেস বুল, মিস ম্যাকলাউড প্রভৃতি সকলকে আমার আশীর্বাদাদি দিবে; আর তুমি, বাবুরাম প্রভৃতি সকলে আমার নমস্কার ও ভালবাসা ইত্যাদি জানবে। গোপালদাদা চিঠি পেয়েছেন কিনা? ছাগলটাকে একটু দেখ। ইতি

বিবেকানন্দ

পুনঃ -- ছেলেরা সকলে সাষ্টাঙ্গ জানাচ্ছে।